

Classification of Sentence

নিচের বাক্যগুলো পড়ো:

- (i) The boy goes to school.
- (ii) What is your name?
- (iii) Do the work.
- (iv) May you be happy.
- (v) How nice the bird is!

লক্ষ করো, ওপরের প্রতিটি বাক্য ভিন্ন ভিন্ন অভিব্যক্তি প্রকাশ করছে। (i) নং বাক্যটি দ্বারা বিবৃতি প্রদান করা হচ্ছে, (ii) নং বাক্যটি দ্বারা কিছু জানতে চাওয়া হচ্ছে, (iii) নং বাক্যটি দ্বারা কিছু করতে বলা হচ্ছে; (iv) নং বাক্যটি দ্বারা মনের ইচ্ছা, প্রার্থনা বা আশীর্বাদ প্রকাশ পাচ্ছে এবং (v) নং বাক্যটি দ্বারা বিস্ময় বা আবেগ প্রকাশ পাচ্ছে।

সুতরাং, ভিন্ন ভিন্ন sentence দ্বারা ভিন্ন ভিন্ন অর্থ প্রকাশ পায়। এভাবে অর্থভেদে sentence পাঁচ প্রকার। যথা:

- 1. Assertive Sentence (বিবৃতিমূলক বাক্য)
- 2. Interrogative Sentence (প্রশ্নবোধক বাক্য)
- 3. Imperative Sentence (অনুষ্ঠাসূচক বাক্য)
- 4. Optative Sentence (ইচ্ছা বা আশীর্বাদমূলক বাক্য)
- 5. Exclamatory Sentence (বিস্ময় বা আবেগসূচক বাক্য)

এ প্রত্যেক প্রকার sentence-এর আবার দুটি রূপ রয়েছে। যথা:

- (i) Affirmative (হ্যাঁ-বোধক)
- (ii) Negative (না-বোধক)

(i) **Affirmative Sentence**: Sentence-এর যে রূপ দ্বারা হ্যাঁ-বোধক অর্থ প্রকাশ পায়, তাকে Affirmative Sentence বলে। যেমন: I go to school. (আমি স্কুলে যাই।)

(ii) **Negative Sentence** : Sentence-এর যে রূপ দ্বারা না-বোধক অর্থ প্রকাশ পায়, তাকে Negative Sentence বলে।

যেমন: I do not go to school. (আমি স্কুলে যাই না।)

1. Assertive sentence: যে sentence দ্বারা কোন ঘটনাকে বর্ণনা করা হয় বা কোনো বিবৃতি প্রদান করা হয় অর্থাৎ সাধারণভাবে কিছু বলা হয় তাকে **Assertive sentence** বলে।

(A sentence that makes a statement or an assertion is called an Assertive Sentence.) যেমন: My father is a doctor. (আমার বাবা একজন ডাক্তার।)

The sun rises in the east. (সূর্য পূর্ব দিকে ওঠে।)

He does not go to school. (সে স্কুলে যায় না।)

ওপরের sentence-গুলোর প্রত্যেকটি কোনো না কোনো বিবৃতি প্রদান করছে। তাই এগুলো Assertive Sentence.

2. Interrogative Sentence : যে sentence দ্বারা কোনো প্রশ্ন করা হয় অর্থাৎ কোনো ব্যক্তি বা বস্তু সম্পর্কে কিছু জানতে চাওয়া হয়, তাকে **Interrogative Sentence** বলা হয়।

(A sentence which generally asks a question about someone or something is called an Interrogative Sentence.)

যেমন: Do they come here? (তারা কি এখানে আসে?)

Are you busy? (তুমি কি ব্যস্ত?)

Why did you come here? (তুমি কেন এখানে এসেছিলে?)

Whom do you want? (তুমি কাকে চাও?)

ওপরের প্রত্যেকটি sentence দ্বারা প্রশ্ন করা হয়েছে বা কোনো কিছু জানতে চাওয়া হয়েছে। তাই এরা Interrogative Sentence.

3. Imperative Sentence: যে sentence দ্বারা আদেশ, অনুরোধ, উপদেশ, নিষেধ, প্রস্তাব ইত্যাদি বোঝায়, তাকে **Imperative Sentence** বলা হয়।

(A sentence that expresses order, request, advice, command, proposal, etc. is called an Imperative Sentence.)

যেমন: Get out. (বেড়িয়ে যাও)

Always speak the truth. (সদা সত্য কথা বলবে।)

Don't go there. (ওখানে যেও না।)

Let us go out for a walk. (চল, বেড়াতে যাই।)

লক্ষ্য করো, ওপরের প্রথম বাক্যটি দ্বারা আদেশ করা হয়েছে; দ্বিতীয় বাক্যটি দ্বারা কিছু করার জন্য অনুরোধ করা হয়েছে; তৃতীয় বাক্যটি দ্বারা উপদেশ প্রদান করা হয়েছে; চতুর্থ বাক্যটি দ্বারা কোনো কিছু করতে নিষেধ করা হয়েছে; আর শেষ বাক্যটি দ্বারা কিছু করার জন্য প্রস্তাব করা হয়েছে। এগুলো সবই Imperative Sentence।

4. Optative Sentence: যে sentence দ্বারা মনের ইচ্ছা, প্রার্থনা বা আশীর্বাদ প্রকাশ পায়, তাকে **Optative Sentence** বলা হয়।

(A sentence that expresses a wish, desire or prayer is called an Optative Sentence.) সাধারণত Sentence-এর প্রথমে May বা Long বসিয়ে Optative Sentence গঠন করা হয়।

যেমন: May Allah bless you. (আল্লাহ তোমার মঙ্গল করুন।)

Long live the king. (রাজা দীর্ঘজীবী হউন।)

ওপরের প্রত্যেকটি বাক্য দ্বারা মনের ইচ্ছা, প্রার্থনা বা আশীর্বাদ প্রকাশ পেয়েছে। সুতরাং এরা Optative Sentence।

5. Exclamatory Sentence: যে sentence দ্বারা বক্তার মনের আকস্মিক আবেগ যেমন: বিস্ময়, আনন্দ, সুখ, দুঃখ, উত্তেজনা ইত্যাদি প্রকাশ পায়, তাকে **Exclamatory Sentence** বলা হয়।

(A sentence that expresses a sudden feeling or emotion of the speaker is called an Exclamatory Sentence.)

যেমন: Hurrah! We have won the game. (কী আনন্দ! আমরা খেলায় জিতেছি।)

Alas! The man is dead. (হায়! লোকটি মারা গিয়েছে।)

What a nice bird it is! (কী সুন্দর পাখি!)

How happy you are! (তুমি কত সুখী!)

ওপরের প্রথম বাক্য দ্বারা আনন্দ, দ্বিতীয় বাক্য দ্বারা দুঃখ, তৃতীয় ও চতুর্থ বাক্য দ্বারা বিস্ময় ইত্যাদি আবেগ প্রকাশ পাচ্ছে।

তাই এদেরকে বলা হয় Exclamatory Sentence

Prepared by

Md. Kamrul Islam Shakil

Asst. Teacher in English

Daffodil International School